কেন   পান্থ, এ চঞ্চলতা।
কোন্  শূন্য হতে এল কার বারতা॥
নয়ন কিসের প্রতীক্ষা-রত  বিদায়বিষাদে উদাসমত—
ঘনকুন্তলভার ললাটে নত,  ক্লান্ত তড়িতবধূ তন্দ্রাগতা॥
কেশরকীর্ণ কদম্ববনে  মর্মরমুখরিত মৃদুপবনে
বর্ষণহর্ষ-ভরা ধরণীর  বিরহবিশঙ্কিত করুণ কথা।
ধৈর্য মানো ওগো, ধৈর্য মানো!  বরমাল্য গলে তব হয় নি ম্লান'
আজও হয় নি ম্লান'—
ফুলগন্ধনিবেদনবেদনসুন্দর  মালতী তব চরণে প্রণতা॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Kafi
Visit www.geetabitan.com for notation and other detail